# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৬)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৩)/১/৭৬২৮ তারিখ ঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ২৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট-এর নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড) এবং পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | **অধ্যাপক**<br>(বাংলা, অর্থনীতি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান)<br>**বেতন স্কেল ঃ** ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩)<br>**পদের সংখ্যা ঃ** ০৩ (তিন)<br>(বর্ণিত যেকোন বিষয় হতে) | ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে মানবিক ও ব্যবসায় প্রশাসন শাখার জন্য ন্যূনতম জিপিএ ৪.২৫ এবং বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম ৪.৫০ থাকিতে হইবে।<br>তবে, বিভাগীয় প্রার্থীদের জন্য শিথিলযোগ্য হইবে।<br>২. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদভূক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>গ) সনাতন পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় ৩-এর (ক) ও (খ) উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণি অর্জন করিতে হইবে।<br>তবে, বিভাগীয়/অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য হইবে।<br>৪. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. এমফিল ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছরসহ ন্যূনতম ১৭ (সতের) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরসহ ন্যূনতম ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৭. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বার)টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে এবং First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে।<br>৮. শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য হইবে না। |
| ২ | **সহযোগী অধ্যাপক**<br>(ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান)<br>**বেতন স্কেল ঃ** ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪)<br>**পদের সংখ্যা ঃ** ০৪ (চার)<br>(বর্ণিত যেকোন বিষয় হতে) | ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে মানবিক ও ব্যবসায় প্রশাসন শাখার জন্য ন্যূনতম জিপিএ ৪.২৫ এবং বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম ৪.৫০ থাকিতে হইবে।<br>তবে, বিভাগীয় প্রার্থীদের জন্য শিথিলযোগ্য হইবে।<br>২. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদভূক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড) এবং পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| | | গ) সনাতন পদ্ধতির প্রার্থীদের পরীক্ষার ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে।<br>তবে, বিভাগীয়/অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য হইবে।<br>৪. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. এমফিল ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়) বছরসহ ন্যূনতম ৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৭. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার)টি প্রকাশনা থাকিতে হইবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ১ (এক)টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকিতে হইবে।<br>৮. শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য হইবে না। |
| ৩ | **সহকারী অধ্যাপক**<br>(ইংরেজি, ইতিহাস, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান)<br>**বেতন স্কেল ঃ** ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬)<br>**পদের সংখ্যা ঃ** ০৩ (তিন)<br>(বর্ণিত যেকোন বিষয় হতে) | ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে মানবিক ও ব্যবসায় প্রশাসন শাখার জন্য ন্যূনতম জিপিএ ৪.২৫ এবং বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম ৪.৫০ থাকিতে হইবে।<br>তবে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য হইবে।<br>২. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>৩. সংশ্লিষ্ট অনুষদভূক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>গ) সনাতন পদ্ধতির প্রার্থীদের পরীক্ষার ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে।<br>তবে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য হইবে।<br>৪. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. এমফিল ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৭. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে।<br>৮. শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য হইবে না। |

শর্তাবলী ঃ

১. উক্ত পদে আবেদনের নিমিত্তে **Online Application Form** ও নিয়োগ বিজ্ঞপ্তি **২৬-১১-২০২১ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs** এ পাওয়া যাইবে। আগ্রহী প্রার্থীদের আগামী **২৩-১২-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার** মধ্যে উক্ত ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।

২. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জাতীয়তা সনদপত্র, চাকুরিরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি, বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সমতা নিরূপণ সনদপত্র এবং

প্রকাশনার (যদি থাকে) সমর্থনে সত্যায়িত প্রমাণক-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৩. **Online Application Form-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি (এক সেট) ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ২৩-১২-২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

৪. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় **বর্ণিত পদের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

পে-স্লিপ সংগ্রহ ও **জমাদানের নিয়মাবলী:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হইবে অথবা সোনালী ব্যাংকের Online Payment Gateway ব্যবহার করিয়া **মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন AMERICAN EXPRESS, VISA, DBBL NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে অনলাইনে টাকা ট্রান্সফার করিয়াও আবেদন করিতে পারিবেন।**

**Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।**

৫. **প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।**

৬. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।

৭. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

৮. **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

24.11.21

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়